# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,বাপাউবো
রহমান চেম্বার (১০ম তলা)
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

Office of the Director
Directorate of Staff Development.
Rahman Chamber (9th Floor),
12-13 Motijheel C/A, Dhaka -1000.
Phone: 9588458, 9550937 (Fax).
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৫৪৮-পাউবো(কউ)/আরই-১/২০১৮

তারিখঃ ১১ আষাঢ় ১৪২৫বঃ
২৫-০৬-২০১৮ খ্রীঃ

## “নিয়োগ বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্ব খাতভূক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | ক্যাটাগরীর নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫) | শূন্য পদের সংখ্যা (টি) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ)<br>বেতন গ্রেড: ০৯<br>স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ | ১৬<br>(ষোল) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্র কৌশল বা তড়িৎ কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা উল্লিখিত বিষয়ে Associate Member of the Institute of Engineers (AMIE) এর সেকশন 'এ' ও 'বি' পরীক্ষায় উত্তীর্ণ: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(খ) এম এস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ২। | গবেষণা কর্মকর্তা(মৃত্তিকা)<br>বেতন গ্রেড: ০৯<br>স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ | ০১<br>(এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং (খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৩। | সহকারী প্রোগ্রামার<br>বেতন গ্রেড: ০৯<br>স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ | ০৪<br>(চার) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(খ) প্রোগ্রামিং এ স্ট্যান্ডার্ড টেস্টে উত্তীর্ণ। |
| ৪। | মেডিক্যাল অফিসার<br>বেতন গ্রেড: ০৯<br>স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ | ০১<br>(এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস. ডিগ্রী: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং (খ) বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত চিকিৎসক হিসাবে নিবন্ধন সনদ। |
| ৫। | ভূ-তত্ত্ববিধ<br>বেতন গ্রেড: ০৯<br>স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ | ০৪<br>(চার) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৬। | সাটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর/পিএ<br>বেতন গ্রেড: ১৩<br>স্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ | ০৪<br>(চার) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট ট্রেডে সনদপত্রসহ সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে সর্বনিম্ন ৮০ ও ৫০ টি শব্দ;<br>(ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ২০ টি শব্দ। |

| ক্রঃ নং | ক্যাটাগরীর নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫) | শূন্য পদের সংখ্যা (টি) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৭। | সহকারী রাজস্ব কর্মকর্তা<br>বেতন গ্রেড: ১২<br>স্কেল: টাকা ১১৩০০-২৭৩০০ | ০৩<br>(তিন) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সার্ভে ও সেটেলমেন্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-সার্ভে টেকনোলজি পাসসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৮। | ড্রিলিং সহকারী (গ্রেড-২)<br>বেতন গ্রেড: ১৫<br>স্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ | ০৭<br>(সাত) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৯। | ভার্টিক্যাল টান্সপোর্ট এটেনডেন্ট<br>বেতন গ্রেড: ১৬<br>স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ | ০২<br>(দুই) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) লিফট পরিচালনাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১০। | রাজস্ব সার্ভেয়ার<br>বেতন গ্রেড: ১৬<br>স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ | ১৪<br>(চৌদ্দ) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন সার্ভে ফাইনাল পাস। |

২। উপরোক্ত পদে নিয়োগের ক্ষেত্রে সময় সময় বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জনবল নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান এবং কোটা অনুসরণ করা হবে।

৩। আবেদন দাখিলের শেষ তারিখে (২৫-০৭-২০১৮ তারিখে) বয়সসীমা ১৮-৩০ বছর।

৪। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

৫। কর্তৃপক্ষ প্রয়োজনে সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৬। আগ্রহী প্রার্থীদের কেবলমাত্র Online-এ আবেদনপত্র দাখিল করতে হবে। Online-এর মাধ্যমেই পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ হতে ৫ পর্যন্ত মোট ০৫ টি ক্যাটাগরীর জন্য অফেরত যোগ্য ১০০০/- (এক হাজার) টাকা এবং ক্রমিক নং-৬ হতে ১০ পর্যন্ত মোট ০৫ টি ক্যাটাগরীর জন্য অফেরত যোগ্য ৬০০/- (ছয়শত) টাকা প্রদান করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র ওয়েবসাইট (www.bwdb.gov.bd) এর Online Recruitment Portal-এর মাধ্যমে Online-এ Registration এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী উক্ত পোর্টালে পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **কোন আবেদনপত্র সরাসরি বা হার্ড কপি গ্রহণ করা হবে না।**

৭। Online-এ আবেদনপত্র দাখিলের সময় চাহিত সকল তথ্য নির্ভুল ও সততার সাথে পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক এবং সত্য হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে বাপাউবো'র কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## সাধারণ নির্দেশাবলীঃ

১। **Online-এ আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাঃ** ২৫-০৭-২০১৮ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল এবং পরীক্ষার ফি জমা দেয়া যাবে।

২। **বয়সসীমাঃ** আবেদন জমাদানের শেষ দিনে (২৫-০৭-২০১৮ তারিখে) আবেদনকারীর বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের অথবা মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধি কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন দ্বারা বিভাগীয় প্রার্থীর সজ্ঞা নির্ধারন হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। **লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ** প্রার্থী নির্ধারিত সময়ের পর তার ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে ছবি, রোল নম্বর, লিখিত পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে। তাছাড়া, যোগ্য প্রার্থীগণকে এসএমএস/ইমেইল-এর মাধ্যমে নোটিফিকেশন প্রেরণ করা হবে।

৪। **মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রয়োজ্য ক্ষেত্রে বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। এছাড়াও প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস/ইমেইল নোটিফিকেশন প্রেরণ করা হবে। উল্লেখ্য, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য আলাদা কোন সাক্ষাৎকারপত্র বা প্রবেশপত্র ইস্যু করা হবে না। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল কাগজপত্রের ০১ (এক) কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক. এসএসসি পাশের সনদপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং সকল নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি।

খ. কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্যক্ষেত্রে)।

গ. উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।

ঘ. চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।

ঙ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ. বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি।

ছ. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে মুক্তিযোদ্ধার সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এস,এস,সি সনদ/জন্মসনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

জ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতী সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

ঝ. শারীরিক প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধি সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

ঞ. আনসার-ভিডিপি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আনসার-ভিডিপি প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি।

ট. সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্র।

ঠ. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে।

৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৬। বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২৮/০৬/২০১৮

(মোঃ আসাদুজ্জামান)
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৫৪৮/১(২৫)-পাউবো(কউ)/আরই-১/২০১৮ তারিখঃ ১১ আষাঢ় ১৪২৫বঃ / ২৫-০৬-২০১৮ খ্রীঃ

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, প্রশাসন অধিশাখা-০১)।

২। প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা ।

৩। প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা। **(নিয়োগ বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**।

৪। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপাউবো, ঢাকা।

৫। সচিব, বাপাউবো, ঢাকা।

৬। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা **(নিয়োগ বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে বহুল প্রচারিত ন্যূনতম দুইটি (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**।

৭। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।

৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা) বাপাউবো, ঢাকা।

৯। নোটিশ বোর্ডের কপি।

১০। নথির কপি।

২৫/০৬/১৮

**(মোঃ মতিউর রহমান)**
নির্বাহী প্রকৌশলী (নিঃ ও পঃ) (অঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।